গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রভাতী প্রকল্প (ডিডিএম অংশ)
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

## প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের ১ম ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি: নিতাই চন্দ্র দে সরকার
পরিচালক (এমআইএম-চ.দা)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ও
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট

তারিখ : ২৫ মে, ২০২২ সময়: বিকাল ০৩.৩০ ঘটিকা
স্থান : মাল্টিপারপাস হল (৯ম তলা)

হাজিরা : পরিশিষ্ট – ক

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রকল্পের কাজের অগ্রগতি, পরবর্তী কার্যক্রম, বিবিধ বিষয়াদিসহ আলোচনার জন্য এ সভার আয়োজন করা হয়েছে। অতঃপর সভাপতি প্রকল্প বাস্তবায়ন ও বিবিধ বিষয়ে সকলের মতামত আহবান করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১ | প্রকল্পের অগ্রগতি প্রসঙ্গে | প্রোগ্রাম ম্যানেজার আলোচনার শুরুতে পুর্ববর্তী মাসে পরিচালিত কর্মকান্ডের উপর আলোকপাত করেন যার মূল বিষয়সমূহ ছিলো স্থানীয় ও আঞ্চলিক পর্যায়ে পরিচালিত সভা ও কর্মশালা,তথ্যাবলি ও জরিপের জন্য প্রশ্নাবলি প্রস্তুতকরণ, দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির ডাটাবেস প্রস্তুতের উদ্দেশ্যে বিভিন্ন সভার আয়োজন, উপদেষ্টা কমিটির সাথে বৈঠকের আয়োজন। | ক) জুন মাসে কুড়িগ্রাম ও গাইবান্ধা জেলার তথ্য সংগ্রহ ও প্রয়োজন হলে তথ্য সংগ্রহের জন্য তৈরিকৃত প্রশ্নে পরিবর্তন আনতে হবে। খ) বর্ষা পরবর্তী পরিকল্পনা বাস্তবায়নের জন্য এখন থেকেই প্রস্তুতি গ্রহণ করতে হবে। | উপপ্রকল্প সমন্বয়ক (GIS/ICT) ও প্রোগ্রাম ম্যানেজার |

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | এলজিইডির প্রতিনিধি কতৃক প্রকল্প বিষয়ক ইস্যু আলোচনা | প্রোগ্রাম ম্যানেজার রিভার গেজ পর্যাপ্ত আছে কিনা, DEM ডাটা সংক্রান্ত তথ্য, সতর্ক সংকেত তৈরির ক্ষেত্রে নদীর আপস্ট্রিম তথ্য জানার প্রয়োজনীয়তা, বাঁধের তথ্য ইত্যাদি বিষয়ে সভাকে অবহিত করেন। | ক) মডেল এর একুরেসি সর্বাধিক রাখার উদ্দেশ্যে LiDAR ব্যবহারের মাধ্যমে সার্ভে সম্পন্ন করতে হবে।<br>খ) পানি উন্নয়ন বোর্ডের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের পরামর্শক্রমে প্রয়োজনীয় সংখ্যক রিভার গেজ প্রকল্প এলাকায় স্থাপন করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার ও হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার |
| ৩ | Revised DPP এর জন্য প্রস্তাবনা তৈরি | DPP তে উল্লিখিত খাতসমূহ পর্যালোচনা করে প্রয়োজনীয় বাজেট নির্ধারণ সহ সংশোধিত প্রস্তাবনা তৈরির বিষয়ে আলোচনা হয় । | DPP সংশোধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার এবং ফিন্যান্স ও এডমিন অফিসার |
| ৪ | অন্যান্য আলোচনা | ডিডিএম এর জন্য বরাদ্দকৃত গাড়ি ও টেলিফোন সেবা প্রাপ্তির বিষয়ে আলোচনা করা হয়। | টেলিফোন সেবা প্রাপ্তির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপ্রকল্প সমন্বয়ক (GIS), প্রোগ্রাম ম্যানেজার এবং ফিন্যান্স ও এডমিন অফিসার |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নিতাই চন্দ্র দে সরকার)
(প্রকল্প সমন্বয়ক)
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.২৯.০০২.২১ তারিখ: ২৭ -০৫-২০২২ খ্রিঃ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:**

০১। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
০২। ডেপুটি প্রজেক্ট কো-অর্ডিনেটর (GIS ও RM), প্রভাতী প্রকল্প-(ডিডিএম অংশ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০৩। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, RIMES।
০৪। পিএ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৭/৫/২২

(প্রবীর কুমার দাস)
উপপ্রকল্প সমন্বয়ক (ICT)
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট